গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৬৯/২০১৮-২০১৯

ঢাকা, রোববার ৩ মার্চ ২০১৯, ১৯ ফাল্গুন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। সংসদে পাস হওয়া ৫টি বিলে রাষ্ট্রপতির সম্মতি প্রদান

২। প্রধানমন্ত্রী আজ রাজশাহী যাচ্ছেন

৩। উন্নয়ন পরিকল্পনায় পরিবেশের কথা মাথায় রাখুন : আইইবি'র অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৪। উপজেলা পরিষদ নির্বাচনে নির্বাচনি বিধান মানতে মন্ত্রী-এমপিদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী : সেতুমন্ত্রী

৫। নারী ও শিশুদের অধিকার ও সুবিচার নিশ্চিত করতে বর্তমান সরকার বিভিন্ন সময়ে আইন প্রণয়ন করেছে : আইনমন্ত্রী

৬। চট্টগ্রামের দূষণরোধে মাস্টারপ্ল্যান তৈরি হচ্ছে : এলজিআরডি মন্ত্রী

৭। জাতীয় বিশ্ববিদ্যালয় ইতিবাচক ধারায় ফিরেছে : শিক্ষামন্ত্রী

৮। গণমাধ্যম হতে পারে সরকারের উন্নয়নের সহযোগী : স্বরাষ্ট্রমন্ত্রী

৯। প্রবাসীদের বিনিয়োগ প্রক্রিয়া সহজ করা হবে : ওয়ার্ল্ড কনফারেন্স সিরিজের উদ্বোধনীতে পরিকল্পনামন্ত্রী

১০। গ্যাসের দাম সমন্বয়ের প্রস্তাব দেওয়া হয়েছে : জ্বালানি প্রতিমন্ত্রী

১১। নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদনে সাড়ে ১৮ কোটি মার্কিন ডলার দেবে বিশ্বব্যাংক

চলমান পাতা-২

**১। সংসদে পাস হওয়া ৫টি বিলে রাষ্ট্রপতির সম্মতি প্রদান**

জাতীয় সংসদে পাস হওয়া পাঁচটি বিলে সম্মতি দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। বিলগুলো হলো– ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) (সংশোধন) বিল, ২০১৯; বাংলাদেশ ইপিজেড শ্রম বিল, ২০১৯; চিটাগং হিল ট্র্যাক্টস্ (ল্যান্ড একুইজিশন) রেগুলেশন (সংশোধন), বিল, ২০১৯; রিপ্রেজেন্টেশন পিপল (সংশোধন) বিল ২০১৯ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় বিল, ২০১৯। গত ২৮ ফেব্রুয়ারি বৃহস্পতিবার স্বাক্ষর করার মধ্য দিয়ে বিলগুলোতে সম্মতি দেন রাষ্ট্রপতি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪)।

**২। প্রধানমন্ত্রী আজ রাজশাহী যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (৩ মার্চ রোববার) রাজশাহী যাচ্ছেন। বেলা ১১টায় প্রধানমন্ত্রীর রাজশাহী সেনানিবাসে পৌঁছার কথা রয়েছে। বেলা সাড়ে ১১টায় তিনি বাংলাদেশ সেনাবাহিনীর ৭, ৮, ৯ এবং ১০ বীর'র ন্যাশনাল স্ট্যান্ডার্ড (জাতীয় পতাকা) প্রদান অনুষ্ঠানে যোগদান করবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৩। উন্নয়ন পরিকল্পনায় পরিবেশের কথা মাথায় রাখুন : আইইবি'র অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন প্রকৌশলীরা। পরিবেশ ও প্রতিবেশের কথা মাথায় রেখেই তাদের উন্নয়ন পরিকল্পনা নিতে হবে। স্থাপনা নির্মাণের সময় কৃষিজমি ও জলাধার যেন ক্ষতিগ্রস্ত না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। গতকাল (২ মার্চ শনিবার) ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশের (আইইবি) চার দিনব্যাপী ৫৯তম কনভেনশনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১) **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**৪। উপজেলা পরিষদ নির্বাচনে নির্বাচনি বিধান মানতে মন্ত্রী-এমপিদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী : সেতুমন্ত্রী**

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে মন্ত্রী-এমপিদের নির্বাচনি আচরণবিধি মেনে চলার নির্দেশ দিয়েছেন। গতকাল (২ মার্চ শনিবার) ধানমণ্ডিস্থ আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত এক সংবাদসম্মেলনে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **যুগান্তর** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৫। নারী ও শিশুদের অধিকার ও সুবিচার নিশ্চিত করতে বর্তমান সরকার বিভিন্ন সময়ে আইন প্রণয়ন করেছে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, নারীরা ন্যায্য অধিকার প্রতিষ্ঠা করতে গিয়ে অনেকে সহিংসতার শিকার হচ্ছেন, যা মোটেই কাম্য নয়। তারা ন্যায্য অধিকার বা বিচার পাওয়াসহ এখনও অনেক ক্ষেত্রে পিছিয়ে আছেন। তিনি বলেন, সুবিধাবঞ্চিত নারী ও শিশুদের অধিকার ও সুবিচার নিশ্চিত করতে বর্তমান সরকার বিভিন্ন সময়ে আইন প্রণয়ন করেছে; যা নারী ও শিশুর অধিকার এবং তাদের প্রতি সহিংসতা প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখছে। গতকাল (২ মার্চ শনিবার) রাজধানীর বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে 'পারিবারিক সহিংসতা প্রতিরোধে সরকারি আইনি সেবার ভূমিকা' শীর্ষক এক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.১)।

**৬। চট্টগ্রামের দূষণরোধে মাস্টারপ্ল্যান তৈরি হচ্ছে : এলজিআরডি মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রী তাজুল ইসলাম বলেছেন, চট্টগ্রামের সমস্যা চিহ্নিত করে সমাধানের পথ বের করা হবে। কর্ণফুলী নদী ও আশপাশের ৫৭টি খালের দূষণরোধ ও নাব্যতা

ফিরিয়ে আনতে মাস্টারপ্ল্যান প্রণয়নের কাজ শুরু হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে এ নিয়ে একটি কমিটিও গঠন করা হয়েছে। শীঘ্রই এ কমিটি মাস্টারপ্ল্যান বাস্তবায়নে কাজ শুরু করবে। গতকাল (২ মার্চ শনিবার) চট্টগ্রাম সার্কিট হাউসে 'নগরের জলাবদ্ধতা নিরসন ও চলমান উন্নয়ন কর্মকাণ্ড' শীর্ষক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৫)।

**৭। জাতীয় বিশ্ববিদ্যালয় ইতিবাচক ধারায় ফিরেছে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দিপু মনি বলেছেন, জাতীয় বিশ্ববিদ্যালয় সারাবিশ্বে দ্বিতীয় বৃহত্তম বিশ্ববিদ্যালয়। এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সংখ্যা ২৮ লাখ। এ বিশ্ববিদ্যালয় সম্পর্কে আগে অনেক নেতিবাচক কথা শোনা যেত। কিন্তু বর্তমান উপাচার্যের নেতৃত্বে এ বিশ্ববিদ্যালয় আজ ইতিবাচক ধারায় ফিরেছে। তবে এ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক বিষয়ে মৌলিক বই রচনা করতে হবে। এ বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোতে নোট-গাইডের বেশ প্রাধান্য। সেটি রোধ করতে হবে। গতকাল (২ মার্চ শনিবার) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে কলেজ পারফরম্যান্স র‍্যাংকিং ২০১৬ ও ২০১৭ অ্যাওয়ার্ড ও সনদ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪)।

**৮। গণমাধ্যম হতে পারে সরকারের উন্নয়নের সহযোগী : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, গণমাধ্যম সরকারের উন্নয়নের সহযাত্রী হতে পারে। বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন এবং ইতিবাচক সমালোচনার মাধ্যমে সরকারের ভুলত্রুটি চিহ্নিত করে সংশোধনের সুযোগ করে দিতে পারে গণমাধ্যম। গতকাল (২ মার্চ শনিবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে দৈনিক সময়ের আলো পত্রিকার প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১)।

**৯। প্রবাসীদের বিনিয়োগ প্রক্রিয়া সহজ করা হবে : ওয়ার্ল্ড কনফারেন্স সিরিজের উদ্বোধনীতে পরিকল্পনামন্ত্রী**

প্রবাসী বাংলাদেশিরা যাতে সহজে এ দেশে বিনিয়োগ করতে পারে তার জন্য সব প্রক্রিয়া সহজ করার উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। তিনি বলেন, প্রবাসীদের বিনিয়োগ হবে শ্রেষ্ঠ বিনিয়োগ। কারণ, এ বিনিয়োগ এ দেশে থেকে যাবে। গতকাল (২ মার্চ শনিবার) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে প্রবাসীদের সংগঠন সেন্টার ফর নন রেসিডেন্ট বাংলাদেশি আয়োজিত ওয়ার্ল্ড কনফারেন্স সিরিজের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬)।

**১০। গ্যাসের দাম সমন্বয়ের প্রস্তাব দেওয়া হয়েছে : জ্বালানি প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ গ্যাসের দাম বৃদ্ধির প্রস্তাব প্রসঙ্গে বলেছেন, গ্যাসের দাম সমন্বয়ের একটি প্রস্তাব এনার্জি রেগুলেটরি কমিশনে জমা দেওয়া হয়েছে। বিষয়টি তাদের ওপর নির্ভর করছে। গ্যাসের দাম বাড়লেও বিদ্যুৎ খাতে এর তেমন প্রভাব পড়বে না। গতকাল (২ মার্চ শনিবার) বুড়িগঙ্গা-মেঘনা নদীতে এক নৌ ভ্রমণে ফোরাম ফর এনার্জি রিপোর্টার্স (এফআরবি) আয়োজিত মিট দ্যা প্রেস অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**১১। নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদনে সাড়ে ১৮ কোটি মার্কিন ডলার দেবে বিশ্বব্যাংক**

বাংলাদেশে নবায়নযোগ্য জ্বালানি উৎপাদনের সক্ষমতা ৩১০ মেগাওয়াট যোগ করতে এবং দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটাতে বেসরকারি খাতের অংশগ্রহণ বাড়াতে ১৮ কোটি ৫০ লাখ মার্কিন ডলার সহায়তার অনুমোদন দিয়েছে বিশ্বব্যাংক, যা দেশের মুদ্রার অঙ্কে প্রায় দেড় হাজার কোটি টাকা। বিশব্যাংকের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ বিষয়ে জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১.ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ঢাকার নদীবন্দর হিসেবে পরিচিত সদরঘাটের আধুনিকায়ন ও উন্নয়নে নজর দেওয়ার সুপারিশ।

খ. **সমকাল :** কক্সবাজারে শতাধিক ইয়াবা কারবারি আত্মসমর্পণ করার পরে আরও ৫০ ইয়াবা কারবারি আত্মসমর্পণের সুযোগ চান উল্লেখ করে সরকারের মাদকবিরোধী অভিযান ও এ ব্যাপারে শূন্য সহিষ্ণুতার অঙ্গীকারের কারণে ইয়াবা কারবারিদের মধ্যে এ বোধ তৈরি হয়েছে বলে মন্তব্য।

গ. **জনকণ্ঠ :** দেশে প্রাথমিক শিক্ষার মান নিয়ে বিশ্বব্যাংকের 'দ্য ওয়ার্ল্ড ডেভেলপমেন্ট রিপোর্ট : লার্নিং টু রিয়ালাইজ এডুকেশন প্রমিজ' শীর্ষক এক বৈশ্বিক প্রতিবেদনের বাংলাদেশ অংশে বলা হয়েছে শিক্ষায় দুর্বল মানের কারণে বাংলাদেশের একজন শিশুর ১১ বছরের স্কুলজীবনের প্রায় সাড়ে চার বছর নষ্ট হয়ে যায় উল্লেখ করে প্রাথমিক শিক্ষার মান বাড়াতে নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **সংবাদ :** অনিয়ম ও দুর্নীতির কারণে নির্ধারিত সময়ের মধ্যে সুনামগঞ্জের ৩৭টি বাঁধ নির্মাণের কাজ শেষ হয়নি বলে অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে এ অভিযোগ খতিয়ে দেখে আইনি ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **বণিক বার্তা :** ভবিষ্যতে নির্মিতব্য সব ভবনকে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্কের আওতায় আনতে উদ্যোগ নিচ্ছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন উল্লেখ করে এ প্রশংসনীয় উদ্যোগ দ্রুত বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **নিউজ টুডে :** ঢাকা ও চট্টগ্রামের ভবন নির্মাণের সময় অগ্নি নির্বাপণসংক্রান্ত বিল্ডিং কোড মানা হয় না উল্লেখ করে অগ্নিকাণ্ডের ঝুঁকি কমাতে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউ এজ :** রাজধানীতে উদ্বেগজনকভাবে মশার বংশবিস্তার হয়েছে উল্লেখ করে এ মশা নিধনে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষায় এগিয়ে যাচ্ছে দেশ'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, দেশের শিক্ষার গুণগত মানকে বিশ্বমানে পৌঁছাতে হলে নতুন প্রজন্মকে আধুনিক যুগের শিক্ষার সঙ্গে তাল মিলিয়ে চলতে হবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা